

কয়েক সপ্তাহের মধ্যে করোনার টিকা রপ্তানি করবে ভারত

প্রথম আলো ডেস্ক

প্রকাশ: ৬ জানুয়ারি ২০২১, ০১: ০১



করোনার টিকা প্রতীকী ছবি: রয়টার্স

ভারতে তৈরি করোনাভাইরাসের (কোভিড-১৯) কয়েক সপ্তাহের মধ্যে রপ্তানি করা হবে বলে জানিয়েছেন দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন কর্মকর্তা। আজ মঙ্গলবার রাতে বিবিসির এক প্রতিবেদনে এ কথা জানানো হয়।

ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের ওই কর্মকর্তা বিবিসিকে বলেন, ভারত কয়েক সপ্তাহের মধ্যেই করোনার টিকা রপ্তানি করবে। স্থানীয় চাহিদা পূরণের আগে টিকা রপ্তানি করা যাবে না—এমন খবর নাকচ করে দেন তিনি।

বিশ্বে উৎপাদিত করোনার টিকার মধ্যে ৬০ শতাংশ উৎপাদন করছে ভারত। অনেক দেশই ভারতের

কাছ থেকে টিকা নিতে আগ্রহী। দেশটি ইতিমধ্যে জরুরি ব্যবহারের জন্য করোনার দুটি টিকার

অনুমোদন দিয়েছে। এর একটি হলো অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় ও অ্যাস্ট্রাজেনেকার তৈরি করোনার টিকা।

যেটা উৎপাদন করছে সেরাম ইনস্টিটিউট। অন্য টিকাটি তৈরি করেছে ভারতীয় কোম্পানি ভারত

বায়োটেক।

এর আগে ভারতের সেরাম ইনস্টিটিউটের প্রধান নির্বাহী আদর পুনাওয়ালা বলেন, সব দেশে

করোনাভাইরাসের টিকা রপ্তানির অনুমতি রয়েছে। মঙ্গলবার এক টুইট বার্তায় তিনি এ কথা বলেন।

তিনি বলেন, জনসমাজে বিভ্রান্তি তৈরি হওয়ায় তিনি দুটি বিষয় পরিষ্কার করতে চান। সব দেশে টিকা

রপ্তানির অনুমোদন রয়েছে।